

## অধ্যায়- ষষ্ঠ

### বিশেষ চাহিদাসম্পন্ন শিশু

#### জ্ঞানমূলক প্রশ্নের উত্তরঃ

**প্রশ্ন : ১** কেমন শিশুদের মানসিক দক্ষতা বেশি হয়?

উত্তরঃ প্রতিভাবান শিশুদের মানসিক দক্ষতা বেশি হয়।

**প্রশ্ন : ২**। শতকরা কত ভাগ অটিস্টিক শিশুর বুদ্ধিবৃত্তীয় অক্ষমতা থাকে না।

উত্তরঃ শতকরা বিশ থেকে ত্রিশ ভাগ অটিস্টিক শিশুর বুদ্ধিবৃত্তীয় অক্ষমতা থাকে না।

**প্রশ্ন : ৩**। অটিজম শিশু বিকাশের কয়টি ক্ষেত্রে প্রভাবফেলে

উত্তরঃ অটিজম শিশু বিকাশের তিনটি ক্ষেত্রে প্রভাব ফেলে।

**প্রশ্ন : ৪**। বৃদ্ধাংক কাকে বলে? উত্তরঃ বুদ্ধি পরিমাপের একককে বৃদ্ধাংক বলে।

**প্রশ্ন : ৫**। অটিজমের ক্ষেত্রে মেয়ে ও ছেলে শিশুর অনুপাত কত?

উত্তরঃ অটিজমের ক্ষেত্রে মেয়ে ও ছেলে শিশুর

**প্রশ্ন : ৬**। কাদের মধ্যে অটিজমে আক্রান্ত হওয়ার প্রবণতা বেশি।

উত্তরঃ প্রতিভাবান শিশুর IQ ১৩০ এর উপর।

#### অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

**প্রশ্ন : ১**। অটিস্টিক শিশুদের আচরণ কেমন ব্যাখ্যা কর।

উত্তরঃ অটিস্টিক শিশুরা বিশেষ ধরনের আচরণ বার বার করতে থাকে। শরীর দোলাতে থাকে আঙ্গুল নাড়াতে থাকে খেলনা বাস্কেটোকায আবার বের করে। তারারগটিন মেনে চলতে ভালোবাসে।

**প্রশ্ন : ২**। প্রতিভাবান শিশুরা সৃজনশীল হয় ব্যাখ্যা কর।

উত্তরঃ প্রতিভাবান শিশুরা কোনো কিছু উদ্ভাবন করতে পারে নতুনভাবে চিন্তা করতে পারে। চিন্তায় স্বাতন্ত্র্য ও নিজস্বতা বেশি থাকে। এদের মধ্যে বিভিন্ন দক্ষতা ও গুণাবলির সমন্বয় ঘটে। তাই বলা যায় প্রতিভাবান শিশুরা সৃজনশীল হয়।

**প্রশ্ন : ৩**। অটিজম বলতে কী বুঝ?

উত্তরঃ অটিজম কোনো মানসিক রোগ নয়। অটিজম হচ্ছে বিকাশগত অক্ষমতা ও নিউরোবায়োলজিক্যাল। ডিজঅর্ডার। অটিজম এর সুনির্দিষ্ট কারণ এখন পর্যন্ত অজানা। মেয়েদের তুলনায় ছেলেদের অধিক হারে অটিজম আক্রান্ত হতে দেখা যায়। অটিজম শিশুদের অবহেলা না করে বরং সহযোগিতা করার আহবান জানিয়ে প্রতিবছর ২ এপ্রিল জাতিসংঘ ঘোষিত বিশ্ব অটিস্টিক সচেতনতা দিবস পালন করা হয়।

**প্রশ্ন : ৪**। শিশুর অটিজম দ্রুত শনাক্তকরে শিক্ষা কার্যক্রমে সম্পৃক্ত করা প্রয়োজন কেন?

উত্তরঃ যতকম সময়ে অটিজম শনাক্ত করা যায় বিশেষ শিক্ষা ও প্রশিক্ষনের মাধ্যমে ততো তাড়াতাড়ি তার আচরণের উন্নয়নে সম্ভব। তাই শিশুর অটিজম দ্রুত শনাক্ত করে শিক্ষা কার্যক্রমে সম্পৃক্ত করা প্রয়োজন আর শিশুকে সমবয়সী শিশুদের সাথে মেলামেশার সুযোগ করে দিয়ে তার অস্বাভাবিকতা নির্ণয় করা সম্ভব।

**প্রশ্ন : ৫। অ্যাসপারগার সিনড্রোম বলতে কী বুঝ?**

উত্তরঃ অটিস্টিক শিশুদের মধ্যে কারো কারো বিশেষ কোনো কাজ দক্ষতা থাকতে পারে। অটিস্টিক ২০-৩০% শিশুদের বুদ্ধিবৃত্তীয় অক্ষমতা থাকে না। এধরনের অটিজমকে থ্যাসপারগার সিনড্রোম বলে। এদের অনেকেই গণিতের মতো বিষয়ে স্বাভাবিক শিশুর মতোই দক্ষতা অর্জন করতে পারে।